গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

প্রশাসন-১ শাখা

www.mos.gov.bd

বিষয়: **শুদ্ধাচার নৈতিকতা কমিটি এবং সচেতনতা বৃদ্ধিমূলক সভার কার্যবিবরণী।**

সভাপতি	:	মোঃ আবদুস সামাদ, ভারপ্রাপ্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
সভার তারিখ	:	০৪-০১-২০১৮ খ্রিঃ।
সময়	:	বিকাল ০৩.৩০ ঘটিকা।
স্থান	:	নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ (কক্ষ নং-৮০৬)।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট-ক।

আলোচনা :

সভার শুরুতে সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানান। আজকের এ সভায় প্রধান অতিথি হিসেবে জনাব এন এম জিয়াউল আলম, সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ উপস্থিত থাকায় তাঁকে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানান। মন্ত্রিপরিষদ বিভাগের শত ব্যস্ততা থাকা স্বত্বেও তিনি আজকের এ সভায় উপস্থিত থাকায় কৃতজ্ঞতা প্রকাশ করেন। অতপরঃ সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৭-২০১৮ সভায় উপস্থাপন করার জন্য জনাব এস এম শাহ হাবিবুর রহমান হাকিম, উপ-সচিব নৌপরিবহন মন্ত্রণালয়কে অনুরোধ করেন। জনাব এস এম শাহ হাবিবুর রহমান হাকিম, নৌপরিবহন মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর ২য় ত্রৈমাসিক অর্জনের বিস্তারিত বর্ণনা পাওয়ার পয়েন্টে উপস্থাপন করেন। অতপরঃ দপ্তর/সংস্থার প্রধানগণ উক্ত আলোচনায় অংশগ্রহণ করে তাদের মতামত ও পরামর্শ প্রদান করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতির বিষয়ে সভাপতি জানান আমরা বিগত দিনে দুর্নীতি প্রতিরোধ সম্পর্কিত বিভিন্ন সামাজিক সমস্যা সমাধানের বিষয়ে অনেক মতবিনিময় সভা করেছি। তাছাড়া মন্ত্রীমহোদয়সহ আমরা প্রতি সপ্তাহে বিভিন্ন ব্যক্তির বক্তব্য ও অভিযোগসমূহ শ্রবণ করে দ্রুততম সময়ে অভিযোগ নিষ্পত্তি করছি। এ কার্যক্রমসমূহ অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোতে অন্তর্ভুক্তকরা হয়নি। এগুলি রেজিস্ট্রারভুক্ত করে প্রতিবেদনে অন্তর্ভুক্ত করলে আমাদের লক্ষ্যমাত্রা শতভাগ পূর্ণ হবে। সভাপতি এ সমস্ত শুণানীসমূহ প্রকৃত অর্জন হিসেবে অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করেন। তিনি আইন প্রণয়ন ও সংস্কার বিষয়ক কার্যক্রমের বিষয়ে উল্লেখ করেন যে, অগ্রগতি পরিবীক্ষণের ৪টি কোয়ার্টারে যে লক্ষ্যমাত্রা দেখানো হয়েছে এর পূর্বেও মন্ত্রণালয় ও সংস্থাসমূহ আইনসমূহের বিষয়ে অনেক কার্যক্রম গ্রহণ করেছে কিন্তু এগুলি প্রকৃত অর্জনে অন্তর্ভুক্ত করা হয়নি। তিনি আইনের যে সমস্ত কার্যক্রমসমূহ গ্রহণ করা হয়েছে লক্ষমাত্রায় তা প্রতিফলনের অনুরোধ করেন। তিনি সরকারের ভিশন ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয়ে ই-ফাইলিং, ইউনিকোডের ব্যবহার, অনলাইনে সেবা প্রদান, ই-টেন্ডারিং, সোশ্যাল মিডিয়ার ব্যবহার, উদ্ভাবনী কর্মপরিকল্পনা গ্রহণ ও সেবা পদ্ধতি সহজীকরণের জন্য সকল সংস্থা প্রধানদের অনুরোধ করেন।

অতপরঃ জনাব এন এম জিয়াউল আলম বলেন আমরা জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অংশ হিসেবে আরটিআই, জিআরএস, অনলাইন রেসপন্স, দাপ্তরিক কাজে যথাযথ যোগাযোগ মাধ্যমের ব্যবহার, ই-ফাইলিং, অনলাইন সেবা প্রদান, সিটিজেন চার্টার, ই-টেন্ডার ইত্যাদি চালু করেছি। এ বিষয়ে তিনি একটি Power Point উপস্থাপন করেন। এ Power Point-এ তিনি বর্তমান সরকারের বিভিন্ন কার্যক্রমসমূহ তুলে ধরেন। তিনি আরটিআই এবং জিআরএস অনুযায়ী কোন আবেদন/অভিযোগ পেলে তা যথাসময়ে নিষ্পত্তি করার অনুরোধ করেন। তিনি বর্তমান সরকারের লক্ষ্য ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে সকলের সহযোগীতা কামনা করেন। অতপরঃ বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

সিদ্ধান্ত :

- ২০১৭-১৮ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর [৭.৩] নং অনুচ্ছেদে বর্ণিত অভ্যন্তরীণ নিয়ন্ত্রন ম্যানুয়েল ২০০৫ এর বিধান অনুযায়ী মন্ত্রণালয়ে অডিট কমিটি গঠন করতে হবে।

[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য]

- সচিব এবং মাননীয় মন্ত্রী নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক যে সকল দিনসমূহে গণশুনানী করেন সে বিষয়সমূহ রেজিস্ট্রারে লিপিবদ্ধ করে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৭-২০১৮-তে অন্তর্ভুক্ত করতে হবে।
- সচিব এবং মাননীয় মন্ত্রী নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক দূর্নীতিসহ বিভিন্ন সামাজিক সমস্যা সমাধানের বিষয়ে যে সকল মতবিনিময় সভা করেন সেগুলো রেজিস্ট্রারে লিপিবদ্ধ করে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৭-২০১৮-তে অন্তর্ভুক্ত করতে হবে।
- জাতীয় শুদ্ধাচার কর্ম-কৌশল ২০১৭-১৮ এর ২য় ত্রৈমাসিক প্রতিবেদন অনুমোদনপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-
০৯-০১-২০১৭
মোঃ আবদুস সামাদ
ভারপ্রাপ্ত সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়।

নং ১৮.০০.০০০০.০১৬.২২.০০৫.১৭-৯২ তারিখ : ১০-০১-২০১৮খ্রিঃ।

বিতরণ : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১) অতিরিক্ত সচিব (উন্নয়/বাণিজ্যিক/প্রশাসন),নৌপরিবহন মন্ত্রণালয়।
২) চেয়ারম্যান, চবক/মোবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/বাস্থবক/পাবক/জাতীয় নদী রক্ষা কমিশন।
৩) যুগ্ম সচিব (মোবক ও বাস্থবক/চবক ও প্রশাসন/টিএ/বাজেট/জাহাজ ও উন্নয়ন/আইন ও অডিট/যুগ্মপ্রধান), নৌপরিবহন মন্ত্রণালয়।
৪) মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৫) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৬) কমানড্যান্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, চট্টগ্রাম।
৭) অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
৮) উপসচিব (মোবক/অডিট ও আইন/টিসি ও বিএসসি/চবক/টিএ/বাজেট/জাহাজ/পাবক), নৌপরিবহন মন্ত্রণালয়।
৯) উপপ্রধান (পরিঃ), নৌপরিবহন মন্ত্রণালয়।
১০) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (বাস্থবক/প্রশাসন-১,২,৩/বিএসসি/বাজেট/টিসি),নৌপরিবহন মন্ত্রণালয়।
১১) সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (পরি:-১/২/৩/৪/৫), নৌপরিবহন মন্ত্রণালয়।
১২) প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।

১০/১/২০১৮
(এস এম শাহ হাবিবুর রহমান হাকিম)
উপসচিব
ফোন : ৯৫৫৯১৯২।